কোটেশনের মাধ্যমে সেবা ক্রয়ের ক্ষেত্রে অনুরোধজ্ঞাপনের দলিল (এসআরএফকিউ)

"যানবাহন বীমা নবায়ন করণ"

ISO 9001:2015 Certified

দরপত্র নং- ৩০/২০২৪-২০২৫

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২
কাশিনাথপুর, পাবনা।

কোটেশনের মাধ্যমে পণ্য/সেবা সংগ্রহের ক্ষেত্রে অনুরোধজ্ঞাপনের আদর্শ দলিলের ব্যবহার নির্দেশিকাঃ

১. কোটেশনের মাধ্যমে পণ্য/সেবা সংগ্রহের ক্ষেত্রে অনুরোধজ্ঞাপনের আদর্শ দলিল (এসআরএফকিউ) ব্যবহার করে স্বল্পমূল্যের সাধারণ ও সহজলভ্য পণ্য, ইতোমধ্যে প্রস্তুত সেলফে মজুদকৃত পণ্য এবং সংশ্লিষ্ট সেবাক্রয়ের জন্য কোটেশনের দলিল প্রস্তুতিতে ক্রয়কারীকে সহায়তা প্রদানের জন্য সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) কর্তৃক এ নির্দেশনাবলী প্রণয়ন করা হয়েছে। সংশ্লিষ্ট সকলকে পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬-এর সম্পূরক হিসেবে প্রণীত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর প্রতি মনোযোগ আকর্ষন করা হলো, যা সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) এর ওয়েবসাইট (website: http://www.cptu.gov.bd)-এ প্রাপ্তিসাধ্য করা হয়েছে। ক্রয়কারী এবং কোটেশনদাতা উভয়ের জন্য এই নির্দেশনাবলী অনুসরণীয় হবে।

২. কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন পদ্ধতির (আরএফকিউএম) (RFQM) অধীনে ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৩২ এর সংস্থান অনুযায়ী জারিকৃত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯ থেকে ৭৩-এর বিধানবলী অনুসরণ করতে হবে। কোটেশন প্রদানের আদর্শ অনুরোধজ্ঞাপনপত্র (এসআরএফকিউ) সর্বোত্তম জাতীয় চর্চার/অনুশীলনের উপর ভিত্তি করে প্রণয়ন করা হয়েছে, যা ক্রয়ের সুনির্দিষ্ট চাহিদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

৩. ক্রয়কারী পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধি ৬৯(৩) অনুসারে কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন পদ্ধতির (আরএফকিউএম) অধীনে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা ক্রয়ের জন্য একজন কোটেশনদাতা (সরবরাহকারী) নির্বাচনের ক্ষেত্রে কোটেশন প্রদানের আদর্শ অনুরোধজ্ঞাপন দলিল (এসআরএফকিউ) (পিজি ১) ব্যবহার করবে।

৪. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(১) এবং ৭১(২) অনুসারে চিঠি, ফ্যাক্স এবং ইলেকট্রনিক মেইলের মাধ্যমে কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) আহবান করতে হবে। কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) পত্র আহ্বানে দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দেওয়ার প্রয়োজন হবে না, কিন্তু ন্যূনতম প্রচারের জন্য ক্রয়কারী বিজ্ঞাপন তার নোটিশ বোর্ডে টাঙানোসহ ওয়েবসাইটে (যদি থাকে) প্রকাশ করবে এবং প্রচারের জন্য অনুরোধ করে কাছাকাছি অন্যান্য ক্রয়কারী সংস্থার প্রশাসনিক বিভাগের নিকট পাঠাবে।

৫. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৩) অনুসারে কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন দলিল (আরএফকিউ) সম্ভাব্য কোটেশনদাতাদের বিনামূল্যে প্রদান বা প্রাপ্তিসাধ্য করতে হবে।

৬. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) অনুযায়ী কোটেশন আহবানের তারিখ হইতে দাখিলের সময়সীমা অনধিক ১০ (দশ) দিনের বেশি হবে না।

৭. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এ বিধি ৭০(৬) অনুসারে কোনো কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের প্রয়োজন হবে না।

৮. কোটেশন দাখিল, উন্মুক্তকরণ এবং মূল্যায়ন যথাক্রমে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধি ৭২(১), বিধি ৭২(২) এবং বিধি ৭৩(১) অনুসারে করতে হবে, যা কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপনপত্রে (আরএফকিউ) সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকবে ।

৯. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭০(৪) অনুসারে মূল্যায়নের নির্ণায়কসমূহ কোটেশন জ্ঞাপনের দলিলে অন্তর্ভুক্ত থাকবে।

১০. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯(৫) অনুসারে ইতোমধ্যে প্রস্তুতকৃত স্বল্পমূল্যের সহজলভ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবার কোটেশন সাধারণত 'একক দর' এর ভিত্তিতে হবে।

১১. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিনির্দেশ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ২৯ অনুসারে প্রণয়ন করতে হবে।

১২. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯(৪)(ক) অনুসারে কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন পদ্ধতি প্রয়োগের জন্য বৃহদাকার ক্রয়কে ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত করা যাবে না।

১৩. মূল্যায়ন কমিটির সুপারিশ এবং তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনের পর ক্রয়কারী পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭৩(৫) অনুসারে সফল কোটেশনদাতার অনুকূলে ক্রয় আদেশ জারি করবে।

১৪. ওয়ারেন্টির সময়সীমা প্রযোজ্য ক্ষেত্রে সাধারণতঃ ৩ থেকে ৬ মাস পর্যন্ত রাখা যেতে পারে।

১৫. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৪৩ অনুসারে ক্রয়কারীকে অধিকন্তু: ক্রয় প্রক্রিয়াকরণের রেকর্ড সংরক্ষণ করতে হবে।

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২
কাশিনাথপুর, পাবনা।
ফোনঃ অফিস ঃ ০২৫৮৮৮৮৮১৮৮
ISO 9001:2015 Certified E-Mail: gmppbs2@gmail.com,Web Site: www.pbs2.pabna.gov.bd

স্মারক নং-২৭.১২.৭৬৭২.৫০৮.০১.০৩৮.২৫. ১৩৭৪

তারিখঃ ০৭ এপ্রিল, ২০২৫ খ্রিস্টাব্দ।
২৪ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ।

বিষয়ঃ যানবাহন (Comprehensive) বীমা নবায়নের জন্য রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) আহবান প্রসঙ্গে।
টেন্ডার নং-৩০/২০২৪-২০২৫।

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর দাপ্তরিক কাজে ব্যবহৃত যানবাহন সমূহের (Comprehensive) বীমা (সকল প্রকার বীমা ঝুঁকিসহ) নবায়নের লক্ষ্যে প্রকৃত বীমা প্রতিষ্ঠানের (সরকার কর্তৃক অনুমোদিত) নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	যানবাহনের বিবরণ	ইঞ্জিন নং ও চেসিস নং	তৈরির সন	ইন্স্যুরড ভ্যালু	পরিমাণ (টি)	একক উদ্ধৃত দর (টাকা)	মোট উদ্ধৃত দর (টাকা)
০১	পাবনা-হ-১৩-১৭৫৮	ইঞ্জিন নং- ZS158FMI28FA00878 চেসিস নং-LZSPCJLB4F5211205	২০২১	১,৪০,০০০.০০	০১ টি		
০২	পাবনা-হ-১৩-১৭০৯	ইঞ্জিন নং- ZS158FMI28FA00777 চেসিস নং-LZSPCJLB9F5211104	২০২১	১,৪০,০০০.০০	০১ টি		
০৩	পাবনা-হ-১৩-১৭৮৫	ইঞ্জিন নং- ZS158FMI28FA00714 চেসিস নং-LZSPCJLB9F5211041	২০২১	১,৪০,০০০.০০	০১ টি		
০৪	পাবনা-হ-১৫-৩৭৯৮	ইঞ্জিন নং- CF4DK1001214 চেসিস নং-MKZS3N1H6KJ024665	২০২১	১,৩৮,৯০০.০০	০১ টি		
০৫	পাবনা-হ-১৫-৩৭৯৭	ইঞ্জিন নং- CF4DK1701063 চেসিস নং- MKZS3N1H6KJ024518	২০২১	১,৩৮,৯০০.০০	০১ টি		
০৬	পাবনা-হ-১৫-৩৭৯৯	ইঞ্জিন নং- CF4DK1500342 চেসিস নং- MKZS3N1H6KJ021323	২০২১	১,৩৮,৯০০.০০	০১ টি		
০৭	পাবনা-হ-১৫-৩৮০০	ইঞ্জিন নং- CF4DK1900079 চেসিস নং- MKZS3N1H6KJ021380	২০২১	১,৩৮,৯০০.০০	০১ টি		
০৮	পাবনা-হ-১৫-৩৮০১	ইঞ্জিন নং- CF4DK1500971 চেসিস নং- MKZS3N1H6KJ021460	২০২১	১,৩৮,৯০০.০০	০১ টি		
০৯	পাবনা-হ-১৫-৩৮০২	ইঞ্জিন নং- CF4DK1700632 চেসিস নং- MKZS3N1H6KJ021438	২০২১	১,৩৮,৯০০.০০	০১ টি		
১০	পাবনা-হ-১৫-৩৮০৩	ইঞ্জিন নং- CF4DK1401298 চেসিস নং- MKZS3N1H6KJ024668	২০২১	১,৩৮,৯০০.০০	০১ টি		
১১	পাবনা-হ-১৫-৩৮০৪	ইঞ্জিন নং- CF4DK1001101 চেসিস নং- MKZS3N1H6KJ024474	২০২১	১,৩৮,৯০০.০০	০১ টি		
১২	পাবনা-হ-১১-১৫৬৮	ইঞ্জিন নং- CG125E-2996003 চেসিস নং- AHBCG125P-14168	২০০৪	১,৬৮,০০০.০০	০১ টি		
১৩	পাবনা-হ-১১-১৫৬৭	ইঞ্জিন নং- CG125E-2995971 চেসিস নং- AHBCG125P-14153	২০০৪	১,৬৮,০০০.০০	০১ টি		
১৪	পাবনা-হ-১১-১৫৬৬	ইঞ্জিন নং- CG125E-2996005 চেসিস নং- AHBCG125P-14156	২০০৪	১,৬৮,০০০.০০	০১ টি		

ক্রঃ নং	যানবাহনের বিবরণ	ইঞ্জিন নং ও চেসিস নং	তৈরির সন	ইন্স্যুরড ভ্যালু	০১ টি	একক উদ্ধৃত দর (টাকা)	মোট উদ্ধৃত দর (টাকা)
১৫	পাবনা-হ-১১-৮১৩৬	ইঞ্জিন নং-3467403 চেসিস নং- A11333	২০১১	১,২০,০০০.০০	০১ টি		
১৬	পাবনা-হ-১১-৮১৩৫	ইঞ্জিন নং-3467407 চেসিস নং- A11337	২০১১	১,২০,০০০.০০	০১ টি		
১৭	পাবনা-হ-১১-৮১৩৪	ইঞ্জিন নং-3467387 চেসিস নং- A11317	২০১১	১,২০,০০০.০০	০১ টি		
১৮	পাবনা-হ-১১-৮১৩৩	ইঞ্জিন নং-3467377 চেসিস নং- A11307	২০১১	১,২০,০০০.০০	০১ টি		
১৯	পাবনা-হ-১১-০৯১৫	ইঞ্জিন নং-2957830 চেসিস নং- 10838	২০০০	৭০,০০০.০০	০১ টি		
২০	পাবনা-ঠ-১১-০০২৬	ইঞ্জিন নং- 3RZ-3261091 চেসিস নং- JTFKM-626660	২০০৩	১৩,৫০,০০০.০০	০১ টি		

কথায়ঃ ....।

শর্তাবলীঃ

০১) দরপত্রসমূহ আগামী **১৫/০৪/২০২৫ খ্রিঃ** তারিখ সকাল ১১:০০ ঘটিকা পর্যন্ত জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২, কাশিনাথপুর, পাবনা -এ রক্ষিত টেন্ডারবক্সে দাখিল করা যাবে। দরপত্র সমূহ একই দিন **১৫/০৪/২০২৫ খ্রিঃ** তারিখ সকাল ১১:০৫ ঘটিকায় উল্লেখিত স্থানে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২) দরপত্রের খামের উপরে **"যানবাহন বীমা (Comprehensive) নবায়নের দরপত্র"** কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে। প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্র খামে সীলগালা ব্যবহার পূর্বক উপরের ছক অনুযায়ী দাখিল করতে হবে।

০৩) **দরদাতাকে অবশ্যই দরপত্র দলিল (এসআর এফকিউ) এর নির্ধারিত ফরমেটে (আংশিক গ্রহণযোগ্য নহে) এবং সকল স্থান যথাযথভাবে পূরণ ও সীল-স্বাক্ষর করত: দরপত্র দাখিল করতে হবে। নতুবা নন-রেসপনসিভ হিসেবে বিবেচিত হবে।**

০৪) দরপত্রে উদ্ধৃত মোট প্রিমিয়াম স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।

০৫) দরদাতা প্রতিষ্ঠানকে কমপ্রিহেনসিভ বীমার দূর্ঘটনা, অগ্নিজনীত দূর্ঘটনা, বন্যা, ভূমিকম্প, ঘূর্নিঝড়,জনতা কর্তৃক ভাংচুর, মিছিলে ভাংচুর, চুরি, ড্রাইভার, প্যাসেঞ্জার ঝুঁকি, ACT Liability, রায়ট (RSD), বেসিক প্রিমিয়াম ইত্যাদি সকল ক্ষতিপূরণ অথ্যাৎ ব্যাপক ঝুঁকি (First Party বীমা) বহন করতে হবে। Bangladesh Motor Tariff Rule অনুযায়ী যথাযথভাবে Basic, FIV, NCB Liability Premium ইত্যাদি প্রদান করা না হলে দরপত্র বাতিল করা হবে। বীমার মেয়াদ হবে ০১ (এক) বছর। বীমা পলিসি প্রদান করতে হবে।

০৭) কার্য্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে বীমার চেক গ্রহণ পূর্বক ০১ (এক) বছরের জন্য বীমা সার্টিফিকেট পত্র প্রদান করতে হবে।

০৮) কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের বিল হতে সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

০৮) দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে লিখিত ভাবে অনুরোধ করতে হবে।

০৯) শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০) নির্ধারিত তারিখের মধ্যে কার্যসম্পাদনে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১) পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরপত্র প্রস্তাব গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১২) আগ্রহী দরদাতা প্রতিষ্ঠান দরপত্র বিজ্ঞপ্তি পাবনা পবিস-২ এর ওয়েব সাইটে www.pbs2.pabna.gov.bd দেখতে পারবেন।

(সাইফুল আহম্মদ)
জেনারেল ম্যানেজার (অঃদাঃ)

অনুলিপিঃ সদয় অবগতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

০১) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২) জেলা প্রশাসক, পাবনা।
০৩) পুলিশ সুপার, পাবনা।
০৪) সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা **(বিজ্ঞপ্তিটি বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
০৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী জোন, বাপবিবো, রাজশাহী।
০৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------পবিস-১/২/৩/৪।
০৭) মেয়র, পৌরসভা কার্যালয়, সাঁথিয়া/বেড়া।
০৮) নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, পাবনা।
০৯) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ/গণপূর্ত, পাবনা।
১০) উপজেলা নির্বাহী অফিসার, পাবনা।
১১) এজিএম (আইটি), পাবনা পবিস-২ **(বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।**
১২) মেসার্স-------------------------------------।
১৩) নোটিশ বোর্ড, পাবনা পবিস-২।
১৪) দাপ্তরিক নথি।

(সাইফুল আহম্মদ)
জেনারেল ম্যানেজার (অঃদাঃ)।

কোটেশন দাখিল পত্র

(প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন)

প্রতি,
জেনারেল ম্যানেজার
পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২
কাশিনাথপুর, পাবনা।

সূত্রঃ- দরপত্র আহবানের স্মারক নং-২৭.১২.৭৬৭২.৫০৮.০০১.০৩৮.২৫.-------------, তারিখঃ ০৭/০৪/২০২৫খ্রিঃ।

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, সেবা ক্রয়ের শর্তাবলী অনুসারে পাবনা পবিস-২ এর যানবাহন বীমা নবায়ন করণের প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশন মোট মূল্য ---------------------------------টাকা, (কথায় --)

আমার/আমাদের কোটেশন কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশ এবং এর মাধ্যমে চুক্তি সম্পাদিত হলে তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ০৭/০৪/২০২৫খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (এসআরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখঃ

বীমা নবায়ন এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

সরবরাহকৃত পণ্যের মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সব ধরনের ট্যাক্সসহ নিম্নোক্ত ২ নং নোট দেখুন)	অংকে	
	কথায়	
পত্র প্রেরণের ঠিকানা	পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কাশিনাথপুর, পাবনা	
মোট মূল্য টাকায় (কথায়)		
প্রস্তাবিত সরবরাহ (সপ্তাহ অথবা দিন-উল্লেখ করুন, ক্রয় আদেশ জারির তারিখ থেকে)		

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের তফশীলে [-----] টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে। আমার/আমাদের প্রস্তাব..................(দিন/মাস/বছর) সময় পর্যন্ত বৈধ [কোটেশনের বৈধতার তারিখ লিখুন]

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর	তারিখ: দিন/মাস/বছর
কোটেশনদাতার নাম	

টীকা:

১. কলাম ৪,৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।

২. যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

ক্রমিক নম্বর	যানবাহনের বিবরণ	পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান	উৎস দেশের নাম
১	২	৩	৪

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর	তারিখ: দিন/মাস/বছর
কোটেশনদাতার নাম	

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২
কাশিনাথপুর, পাবনা।

যানবাহন বীমা নবায়ন করণের জন্য কার্যাদেশ।

কার্যাদেশ স্মারক নং-২৭.১২.৭৬৭২.৫০৮.০০১.০৩৮.২৫.---------------, তারিখঃ -----------------------খ্রিঃ।

কোটেশন নম্বরঃ-৩০/২০২৪-২৫	তারিখ : দিন/মাস/বছর
প্রতি: (সরবরাহকারীর নাম ও ঠিকানা)	
সরবরাহের তারিখ:	ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: ....টাকা (চুক্তি মূল্য)
সরবরাহ : শর্তানুযায়ী	

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার ০৭/০৪/২০২৫খ্রিঃ তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ কারিগরী বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

ক্রয়াদেশকৃত পণ্যসমূহ
পণ্যের অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি।আবশ্যকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি।শর্তাবলীর সত্যায়িত অনুলিপি।
ক্রেতার জন্যঃ জেনারেল ম্যানেজার পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২।
তারিখঃ

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ননা মোতাবেক।

সেবা ক্রয়ের ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলীঃ

১. 'চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্ণিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ০৭ (সাত) দিবসের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য.. টাকা।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ ০৬ (ছয়) মাস।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়্যারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত ।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের রিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পতির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

ক্রেতার জন্যঃ জেনারেল ম্যানেজার পাবনা পবিস-২।	সরবরাহকারীর জন্যঃ নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর
তারিখঃ	তারিখঃ